

### সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে ‘বাংলাদেশে বয়স্কদের স্বাস্থ্য ও পরিচর্যা’ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকবৃদ্ধের অংশগ্রহণে ‘বাংলাদেশে বয়স্কদের স্বাস্থ্য ও পরিচর্যা’ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (০৬ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে ‘সেমিনার অন এজিং এন্ড জেরিয়াট্রিক কেয়ার নিউস্ ইন বাংলাদেশ’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এখানে আজকে যে সকল শিক্ষক সেমিনারে অংশ নিয়েছেন তাদের বেশিরভাগেরই বয়স ধীরে ধীরে বাড়ত্বের দিকে। তাই আমাদের প্রত্যেকের জন্যই এ সেমিনার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমার বিশ্বাস।

এসময় তিনি আরও বলেন, আমরা যেতাবে দিনে দিনে বস্ত্রবাদী হয়ে উঠছি আমরা প্রায়শই ভুলে যাই আমাদের প্রত্যেকের বাবা- মা আমাদের পরিচর্যায় নিরলস পরিশ্রম করেছেন। তাই মা-বাবা বৃদ্ধ হলে আমাদের তাদের প্রতি তেমনই যত্নবান হওয়া উচিত। কিন্তু আমরা পিতা-মাতার সম্পত্তির ভাগ নিতে চাই, তাদের পরিচর্যার ব্যয়ভার বহন করতে চাই না। অথচ পৃথিবীর প্রত্যেক ধর্মেই পিতা-মাতার প্রতি সন্তানদের দায়িত্ব ও কর্তব্যের কথা স্পষ্ট করা হয়েছে। এসময় তিনি বয়স্কদের স্বাস্থ্য ও পরিচর্যা বিষয়ে জুলাই ২৪ পরবর্তী বাংলাদেশের নীতি নির্ধারকগণ গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)। প্রোগ্রাম মডারেটর ও আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইংল্যান্ডের ইউনিভার্সিটি অব ওয়েস্ট লন্ডনের অধ্যাপক ড. হাফিজ টি এ খান। সেমিনারে মুখ্য আলোচক হিসেবে ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এবিএম আলাউদ্দিন চৌধুরী।

সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপক অধ্যাপক ড. হাফিজ টি এ খান তার বক্তব্যে বলেন, পৃথিবীর উন্নত দেশসমূহে বয়স্কদের স্বাস্থ্য সেবা নিশ্চিত ও পাবলিক হেলথ বিষয়ে প্রচুর গবেষণা হয়। বাংলাদেশে সে তুলনায় গবেষণা কম। তাই আমাদের দেশে এ খাতের উন্নয়নে রাষ্ট্রীয় নীতি নির্ধারকদের ভূমিকা ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে সভা- সেমিনার গুরুত্ব বহন করে। উন্নত দেশ বিশেষ করে ইংল্যান্ডে বয়সজনিত স্বাস্থ্য জটিলতা নিরসনে চিকিৎসা ব্যয় সরকার বহন করে, কিন্তু আফ্রিকা ও অন্যন্যত দেশে এ ব্যয়ভার ব্যক্তি নিজে ও ভুক্তভোগী পরিবারকে বহন করতে হয়। এতে করে বাংলাদেশের মতো দেশে কেবল চিকিৎসা ব্যয় মেটাতে অনেক পরিবারকে নিঃশ্বাস হতে হয়।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউট ও বিভাগসমূহ থেকে দুই জন করে শিক্ষক উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন।



ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৮